সকালবেলা কাজে যাওয়ার সময়, বিকেলবেলা কাজ থেকে ফেরার সময় বাসে, ট্রামে, ট্রেনে প্রত্যেকের হাতেই তো বই। প্রত্যেকেই তো বই পড়ছেন। জাপানে যেকোনো নতুন লেখকের বই ফার্স্ট এডিসন ছাপা হয় কমপক্ষে এক লক্ষ কপি।

আসলে পড়ার অভ্যাস তৈরি হয় পরিবার থেকে। জন্মের পর একটি শিশু যখন দেখবে তাদের ঘরে বইয়ের একটা আলমারি কিংবা সেলফ আছে, সেসব আলমারি-সেলফ ভর্তি নানা রকমের বই, ওই দেখে-দেখে বইয়ের প্রতি তার একটা আকর্ষণ জন্মাবে। একদিন বই হাতে নেবে সে, হয়তো কৌতূহল বশেই নেবে। তারপর বই খুলবে, পড়তে শুরু করবে। একসময় নিজের অজান্তেই ঢুকে যাবে বইয়ের জগতে। তার সামনে নিঃশব্দে খুলে যেতে থাকবে জগতের আলোকিত সব দরজা-জানালা। নিজেকে আবিষ্কার করবে সে, প্রকৃতি এবং জীবন আবিষ্কার করবে। এই যে মানুষজন্ম, এই জন্মকে সার্থক করবে বইয়ের আলোয়।

লেখক : কথাসাহিত্যিক ও সাংবাদিক
ih_milan@hotmail.com

সঞ্চয় করুন
নিজে সমৃদ্ধ হোন
দেশকে সমৃদ্ধ করুন

মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ